

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১৭, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ০১শে প্রাবণ, ১৩৯৫/১৫ই আগস্ট, ১৯৮৮

নং এস, আর, ও ২৬১-আইন/৮৮/১৯২-আবগারী—Excises and Salt Act, 1944(I of 1944) এর section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জাতীয় সংসদের কোন সদস্য কর্তৃক সরকার অনুমোদিত গাড়ী সংযোজনকারী প্রতিষ্ঠানের নিকট হইতে, দেশে সংযোজিত অনধিক একটি জীপ অথবা অনধিক ১০০০ সিসি জ্বালানী অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি মোটর গাড়ী (কার) ক্রয়ের ক্ষেত্রে উক্ত জীপ অথবা মোটর গাড়ীর উপর আরোপণীয় সমুদয় আবগারী-শুল্ক (duty of excise) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে মওকুফ করিলেন, যথাঃ—

- (ক) এই প্রজ্ঞাপনের অধীন সুবিধা একজন সংসদ সদস্য কর্তৃক একটিনায় সংযোজিত জীপ অথবা মোটর গাড়ী ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে; কোন ব্যক্তি একাধিকবার সংসদ সদস্য নির্বাচিত হইলেও তিনি এই প্রজ্ঞাপনের অধীনে আবগারী শুল্ক মওকুফের সুবিধা একবারই পাইবেন;
- (খ) সংযোজিত জীপ অথবা মোটর গাড়ী সংশ্লিষ্ট সংসদ সদস্য তাহার পক্ষে বহাল থাকাকালীন সময় অথবা উহা ক্রয় করার পরবর্তী তিন বৎসর, এই দুই মেয়াদের যেটিই কম হয়, অতিক্রান্ত হওয়ার পূর্বে হস্তান্তর করিতে পারিবেন না;

(১২২৭৭)

মূল্য ৩০ পয়সা।

- (গ) সংযোজিত জীপ অথবা মোটর গাড়ী ক্রয়ের পর দফা (খ)-তে উল্লিখিত মেয়াদ অতিবাহিত হইবার পূর্বে উক্ত জীপ অথবা মোটর গাড়ী হস্তান্তর করিতে হইলে এই প্রজ্ঞাপনের অধীন মওকুফকৃত সমুদয় আবগারী শুল্ক সংশ্লিষ্ট শুল্ক ও আবগারী কালেক্টরের নিকট পরিশোধ করিতে হইবে ;
- (ঘ) এই প্রজ্ঞাপনের অধীন আবগারী শুল্ক মওকুফের সুবিধা লাভের নিমিত্তে সংশ্লিষ্ট সংসদ সদস্যকে মাননীয় স্পীকার এর নিকট হইতে এই মর্মে একটি প্রত্যয়নপত্র গ্রহণ করিতে হইবে যে, জাতীয় সংসদের সদস্য পদ সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের স্বার্থে তাহার এই জীপ অথবা মোটর গাড়ীর প্রয়োজন আছে ; এবং
- (ঙ) মাননীয় স্পীকার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রটি সংযোজিত জীপ অথবা মোটর গাড়ী খালাসের জন্য শুল্ক ও আবগারী বিভাগীয় অফিসে দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস. এম. আকরাম

অতিরিক্ত সচিব।